

প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে ঢাকা, সিরাজগঞ্জ, টাংগাইল, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, জামালপুর, মানিকগঞ্জ ও গাজীপুরের ১১ (এগারো) টি কারখানাকে মোট ২৬ লক্ষ ৪৮ হাজার ১৩২ টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং

পরিবেশ দূষণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ১৫/০২/২০২১ তারিখ পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব রুবিনা ফেরদৌসী ঢাকা, সিরাজগঞ্জ, টাংগাইল, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, জামালপুর, মানিকগঞ্জ ও গাজীপুরের ১১ (এগারো) টি কারখানাকে পরিবেশের জন্য মারাত্মক ক্ষতিকর কার্যক্রম সম্পাদনের মাধ্যমে পরিবেশ ও প্রতিবেশের ক্ষতিসাধনের দায়ে মোট ২৬ লক্ষ ৪৮ হাজার ১৩২ টাকা ক্ষতিপূরণ ধার্য করেন।

আজ ১৫/০২/২০২১ খ্রি: শুনানীক্রমে ঢাকার “স্পার্কেল নীট কম্পোজিট লি:”-কে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা, “আহসানিয়া মিশন ক্যান্সার ও জেনারেল হাসপাতাল”-কে ৪৬,৮০০/- (ছেচল্লিশ হাজার আটশত) টাকা; সিরাজগঞ্জের “এসিআই ফুডস লি:”-কে ৫,৪০,৮০০/- (পাঁচ লক্ষ চল্লিশ হাজার আটশত) টাকা, “মেসার্স এম.এল লাকী এন্টারপাইজ ও মেসার্স লামিয়া এন্টারপ্রাইজ”-কে ১,১৭,৬১২/- (এক লক্ষ সতেরো হাজার ছয়শত বারো) টাকা; টাংগাইলের “উত্তরা একরিলিক মিলস লি:”-কে ৮১,৯২০/- (একাশি হাজার নয়শত বিশ) টাকা; নারায়ণগঞ্জের “ফাতেমা ফুড এন্ড কেমিক্যাল কোম্পানী (ইউনিট: ০২)”-কে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা; মুন্সীগঞ্জের “সততা ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার”-কে ৮০,০০০/- (আশি হাজার) টাকা, “এ.আর ক্লিনিক এন্ড প্যাথলজি প্রা: লি:”-কে ৭১,৬০০/- (একাত্তর হাজার ছয়শত) টাকা; জামালপুরের “ম্যাপ পেপার বোর্ড মিলস”-কে ১২,৪৬,৪০০/- (বারো লক্ষ ছেচল্লিশ হাজার চারশত) টাকা; মানিকগঞ্জের “জিভিনী ফুটওয়্যার লিমিটেড”-কে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং গাজীপুরের “রাহাদ এক্সেসরিজ”-কে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।

তারিখ: ১৫/০২/২০২১ খ্রি:।

স্বাক্ষরিত/-

(মো: মির্জা আসাদুল কিবরীয়া)

সহকারী পরিচালক

মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং

পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।